

২০১৫-২০১৬ অর্থ বছরে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলী ও অর্জন

১। প্রতিবেদনাধীন অর্থ বছরে প্রণীত আইন, বিধি ও নীতি ইত্যাদির তালিকাঃ

- মানিলন্ডারিং প্রতিরোধ (সংশোধন) আইন ২০১৫
- Foreign Exchange Regulation (Amendment) Act, 2015
- রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) পদোন্নতি নীতিমালা ২০১৬
- পল্লী সঞ্চয় ব্যাংক (ব্যবস্থাপনা) বিধিমালা, ২০১৫
- ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর উপব্যবস্থাপনা পরিচালক, মহাব্যবস্থাপক এবং অধীনস্থ কোম্পানীর প্রধান নির্বাহী কর্মচারি নিয়োগ বিধিমালা ২০১৬
- পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) প্রবিধানমালা ২০১৫
- রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (কর্মকর্তা/কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৫
- পল্লী সঞ্চয় ব্যাংকের (ব্যবস্থাপনা) বিধিমালা, ২০১৫
- পল্লী সঞ্চয় ব্যাংকের (কর্মকর্তা/কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৬
- লাইফ ইন্সুরেন্স পুনঃবীমা (শর্তাদি নির্ধারণ) প্রবিধানমালা ২০১৫
- নন-লাইফ ইন্সুরেন্স ব্যবসা ব্যবস্থাপনা ব্যয়ের সর্বোচ্চ সীমা নির্ধারণী প্রবিধানমালা ২০১৬
- বীমাকারীর মূলধন ও শেয়ার ধারণ বিধিমালা ২০১৬ প্রণয়ন।
- জীবন বীমা কর্পোরেশনের ডেভেলপমেন্ট ম্যানেজার এন্ড ডেভেলপমেন্ট অফিসার্স সার্ভিস রেগুলেশন ১৯৭৮ সংশোধন।

২। প্রতিবেদনাধীন অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলীঃ

১.	বাংলাদেশ ব্যাংকসহ দেশের সরকারী-বেসরকারী ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক “ডিজিটাল ফাইন্যান্সিয়াল ইনক্লুশন” বিষয়ে অর্জন ২৮-২৯ জুলাই ২০১৬ সময়ে অনুষ্ঠিত “উন্নয়ন ও উদ্ভাবনে জনপ্রশাসন ২০১৬” শীর্ষক সামিটে উপস্থাপন।
২.	এপিজি’র ১৯তম বার্ষিক সভায় বাংলাদেশের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থাৎনে প্রতিরোধ কার্যক্রমকে এশিয়া প্যাসিফিক গ্রুপ অন মানিলন্ডারিং(এপিজি) কর্তৃক মিউচুয়াল ইভ্যালুয়েশন বিষয়ক চূড়ান্ত প্রতিবেদনে আন্তর্জাতিক স্বীকৃতি প্রদান।
৩.	রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের জন্য Corporate Social Responsibility(CSR) সংক্রান্ত নির্দেশনা জারী।
৪.	পল্লী সঞ্চয় ব্যাংক-এর আনুষ্ঠানিক উদ্বোধন।
৫.	২০১৫-২০১৬ অর্থ বছরের ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান সমূহের কার্যাবলীর প্রতিবেদন প্রকাশ।
৬.	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবং বীমা প্রতিষ্ঠানসমূহের বার্ষিক সমঝোতা স্মারক স্বাক্ষর।
৭.	চলতি অর্থ বছরে ১৬৪০০ কোটি টাকার কৃষি ও পল্লী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার বিপরীতে ১৭,৬৪৬.১৫ পর্যন্ত কোটি টাকা বিতরণ করা হয়েছে। বিতরণের হার ১০৭.৬%।
৮.	রাষ্ট্র মালিকানাধীন ০৬টি বাণিজ্যিক ব্যাংকের সর্বমোট ৩৭১২টি শাখার মধ্যে ৩০২৮ টি শাখা অনলাইন ব্যাংকিং এর আওতায় আনা হয়েছে। অগ্রগতি ৮১.৬%।
৯.	দেশের সুবিধা বঞ্চিত গৃহহীন মানুষের গৃহায়নের জন্য ১৯৯৭-৯৮ অর্থ বছরে ৫০.০০ কোটি টাকা বাজেট বরাদ্দের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক “গৃহায়ন তহবিল” গঠন করা হয়। বর্তমানে এ তহবিলের পরিমাণ দাঁড়িয়েছে ১৬০.৫০ কোটি টাকা। ২০১৫-১৬ অর্থ বছরে উক্ত তহবিল হতে মোট এবং অতঃপর অক্টোবর ২০১৬ পর্যন্ত মোট ২৫.৯৭ কোটি টাকা বিতরণের মাধ্যমে ৪১৯৩টি গৃহের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং এতে মোট ২০৯৬৫ জন উপকৃত হয়েছেন। এ ছাড়া দরিদ্র মহিলা শ্রমিকদের আবাসনের জন্য গৃহায়ন তহবিলের অর্থাৎনে মহিলা বিষয়ক অধিদপ্তরের তত্ত্বাবধানে ২৫.৭৬ কোটি টাকা ব্যয়ে সাভার উপজেলার আশুলিয়ায় ৭৪৪ জন মহিলা শ্রমিকের জন্য একটি মহিলা হোস্টেল নির্মাণ কাজ প্রায় সমাপ্ত।
১০.	ঢাকায় মানবতের জীবনযাপনকারী ছিন্নমূল অসহায় বস্তিবাসী মানুষদের স্বস্তিকর পরিবেশে নিজ এলাকায় বাসগৃহে প্রত্যাবাসনের জন্য ২০০৯-২০১০ অর্থ বছরে বাজেট বরাদ্দের মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক “ঘরে ফেরা” কর্মসূচীটি



	পরিচালিত হচ্ছে। ৩০-০৬-২০১৬ পর্যন্ত ১০৬৩টি বস্তিবাসী পরিবারকে ০৪ কোটি ৩৩ লক্ষ টাকা জামানত ও সুদবিহীন ঋণ বিতরণের মাধ্যমে নিজ গ্রামে পুনর্বাসিত করা হয়েছে। ২০১৫-২০১৬ অর্থ বছরে ২৩৯টি পরিবারের মধ্যে ১১৯.০০ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে।
১১.	স্বনির্ভর বাংলাদেশ প্রশিক্ষণ কর্মসূচির আওতায় দক্ষ জনবল গড়ে তোলার লক্ষ্যে ২০১৫-২০১৬ অর্থ বছরে মোট অক্টোবর ২০১৬ পর্যন্ত ২.১৬ কোটি টাকা অর্থ ছাড় করা হয়েছে এবং এ অর্থ দ্বারা মোট ১৪৩০৫৯ জন মহিলা ও পুরুষকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৩০-১০-২০১৬ পর্যন্ত পুরুষ ও মহিলা মিলে প্রশিক্ষণ গ্রহণকারী সংখ্যা ২০,৯০,০৬৮ জনে উন্নীত হয়েছে।
১২.	বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন কর্তৃক দেশের প্রত্যন্ত অঞ্চলে নারীর ক্ষমতায়ন, শিক্ষা, স্বাস্থ্য সেবা, ওয়াটার ও স্যানিটেশন, প্রতিবন্ধী উন্নয়ন ও পুনর্বাসন, কৃষি উন্নয়ন, এইচআইভি/এইডস প্রতিরোধ, আয়বৃদ্ধিমূলক কার্যক্রম, সামাজিক বনায়ন ও পরিবেশ সংরক্ষণ, আইসিটি ইত্যাদি কর্মসূচী বাস্তবায়নের জন্য ২০১৫-২০১৬ অর্থ বছরে অক্টোবর ২০১৬ পর্যন্ত ৫৫১টি সহযোগী সংস্থাকে ১৩.২৪ কোটি টাকার অনুদান বিতরণ করা হয়েছে। এতে করে ৩.৪১ লক্ষ পুরুষ এবং ৪.৫৫ লক্ষ মহিলা অর্থাৎ মোট ৭.৯৬ লক্ষ মানুষ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে উপকৃত হয়েছে। সংস্থাটি প্রতিষ্ঠা লগ্ন থেকে ৩০-০৬-২০১৬ ৩০-১০-২০১৬ পর্যন্ত ১০৮.৩৭ কোটি টাকা অনুদান প্রদান করেছে যার মাধ্যমে ৯৪.৭০ লক্ষ মানুষ উপকৃত হয়েছে।
১৩.	বৃহৎ অংকের আন্তঃব্যাংক লেনদেনসমূহ তাৎক্ষণিকভাবে নিষ্পত্তির জন্য এডিবি-এর ২.০০ মিলিয়ন মার্কিন ডলার অনুদান সহায়তায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক Real Time Gross Settlement (RTGS) ব্যবস্থা স্থাপন।
১৪.	জাইকা অর্থায়নের বাংলাদেশ ব্যাংক কর্তৃক “Financial Sector Project for Development of Small and Medium Sized Enterprises (FSPDSME)” শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৫-১৬ অর্থ বছরে ১৩৯টি প্রতিষ্ঠানকে এসএমই খাতে মোট ১৩৪.০৩ কোটি টাকা বিতরণ।
১৫.	এডিবি এর অর্থায়নে সাধারণ বীমা কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন Pilot Project on Weather Index-Based Crop Insurance (WIBCI) শীর্ষক প্রকল্পের আওতায় ইতোমধ্যে রাজশাহী, সিরাজগঞ্জ এবং নোয়াখালী জেলার বিভিন্ন উপজেলায় ২০টি স্বয়ংক্রিয় আবহাওয়া স্টেশন (AWS) স্থাপন করা হয়েছে। রাজশাহী জেলায় খরা ও অতিবৃষ্টি আবারিত ২৬৩.৫০ বিঘা জমির অনুকূলে ৩৩২টি আবহাওয়া সূচক ভিত্তিক শস্য বীমা পলিসি ইস্যুকরণ।
১৬.	বাংলাদেশের আর্থিক বাজার কাঠামোর বিকাশ, নিয়ন্ত্রন ও তত্ত্বাবধান ক্ষমতার উন্নয়ন এবং রপ্তানীকারক ক্ষুদ্র ও মাঝারি শিল্পের ব্যবসায়ীদের দীর্ঘমেয়াদী অর্থায়ন বৃদ্ধির উদ্দেশ্যে আইডিএ এর সহযোগিতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক জুলাই ২০১৬-মার্চ ২০২১ মেয়াদে “ফাইন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রজেক্ট-এফএসএসপি” শীর্ষক প্রকল্পের কার্যক্রম গ্রহণ।
১৭.	সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) কর্তৃক বাস্তবায়নাধীন জিওবি এবং আইডিএ অর্থায়নপুষ্ট Nuton Jibon Livelihood Improvement Project (NJLIP) (IDA credit no. 5594-BD) প্রকল্পের আওতায় ২০১৫-২০১৬ অর্থ বছরে মোট অক্টোবর ২০১৬ পর্যন্ত ২০০.৫৪ কোটি টাকা ব্যয় করা হয় যার মধ্যে প্রাতিষ্ঠানিক ও গ্রামীণ সংগঠন উন্নয়ন খাতে ব্যয় হয় ৬০.০০ কোটি টাকা।
১৮.	বিশ্বব্যাংকের অর্থায়নে পরিচালিত মিউনিসিপাল গভর্ন্যান্স এন্ড সার্ভিসেস প্রকল্পের আওতায় ৬৪টি পৌরসভা ও ২টি সিটি কর্পোরেশনের জন্য ২০১৫-২০১৬ অর্থ বছরে বাংলাদেশ মিউনিসিপাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) এর অনুকূলে ১৭২.৩২ কোটি টাকা ব্যয়।
১৯.	২০১৫-১৬ অর্থ বছরে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর অনুকূলে ২৯.৯৩ কোটি টাকা সরকারী মঞ্জুরী জ্ঞাপন করা হয়। পিকেএসএফ উক্ত সময়ে ৩৯২টি ছোট বড় সহযোগী সংস্থার মাধ্যমে ১৮৫.৪০ লক্ষ দরিদ্র জনগোষ্ঠীর (যাদের শতকরা প্রায় ৯৪.০০ ভাগ মহিলা) মধ্যে ৩৮৪৪.০৭ কোটি টাকা ঋণ বিতরণ করেছে। এছাড়া বাস্তবায়নাধীন Promoting Agricultural Commercialization Enterprises Project এবং Community Climate Change Project এর আওতায় ১৮০.৭৮ কোটি টাকা ব্যয়
২০.	পুঁজিবাজারের উন্নয়নকল্পে এডিবি কর্তৃক বাংলাদেশ সরকারকে বাজেট সহায়তা প্রদানের অংশ হিসেবে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক বাস্তবায়নাধীন ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম ৩ (CMDP-III) এর আওতায় ১ম ধাপের ০৮টি কর্মসূচী বাস্তবায়ন করায় বাংলাদেশ সরকারের অনুকূলে ৮০ মিলিয়ন মার্কিন ডলার ছাড়করণ।
২১.	DFID-এর অনুদানে Business Finance for the Poor in Bangladesh (BFP-B) শীর্ষক প্রকল্পের আওতায় National Financial Inclusion Strategy প্রণয়নের কার্যক্রম গ্রহণ।
২২.	জাইকা অর্থায়নে Small and Marginal Sized Farmers Agricultural Productivity Improvement and

	Diversification Financing Project এর আওতায় প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকদের মধ্যে কৃষি ঋণ বিতরণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক এবং ১২টি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের মধ্যে 'পার্টিসিপেশন এগ্রিমেন্ট' স্বাক্ষরিত হয়েছে। ২০১৫-২০১৬ অর্থ বছরে এ জন্য ৭২.৩৬ কোটি টাকা ব্যয়।
২৩.	এডিবি অর্থায়নে Financing Brick Kiln Efficiency Improvement প্রকল্পের আওতায় ২০১৫-১৬ অর্থ বছরে ১৭৩.২২ কোটি টাকা বরাদ্দের বিপরীতে ০২টি আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে ০২টি উপ-প্রকল্পে মোট ৬৮.৬৫ কোটি টাকা ঋণ বিতরণ।
২৪.	জাইকার অর্থায়নে দেশের তৈরী পোষাক শিল্প ভবনসমূহ সংস্কার, পুনঃনির্মান ও প্রতিস্থাপন এর লক্ষ্যে Urban Building Safety Project এবং বাংলাদেশে বেসরকারী খাতে বিনিয়োগ বৃদ্ধিকরণ ও বিশেষ অর্থনৈতিক অঞ্চল, ইন্ডাস্ট্রিয়াল পার্ক/ এস্টেট প্রতিষ্ঠার মাধ্যমে প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধির জন্য Foreign Direct Investment Promotion Project গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে ০২টি ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে।
২৫.	পল্লী সঞ্চয় ব্যাংকের সাংগঠনিক কাঠামো অনুমোদন।
২৬.	অনির্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে জুলাই ২০১৬ মাসে ত্রি-পক্ষীয় অডিট কমিটির মোট ৪৫টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ১৫২৫টি অনুচ্ছেদ আলোচনান্তে ৯৯৩টি অনুচ্ছেদ নিষ্পত্তির সুপারিশ করা;
২৭.	প্রবাসী কল্যাণ ব্যাংকের পরিশোধিত মূলধন ১০০ কোটি টাকা হতে ৪০০ কোটি টাকায় উন্নীতকরণ।
২৮.	কর্মসংস্থান ব্যাংকের সাংগঠনিক কাঠামো অনুমোদন।
২৯.	বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত টেক্সটাইল শিল্পের ৩১টি রুগ্ন প্রতিষ্ঠানসমূহের ঋণ হিসাব কতিপয় শর্তে অবসায়নের সরকারি নির্দেশনা জারি।
৩০.	নন-টেক্সটাইল খাতের ৫০ লক্ষ টাকার অনধিক মূল ঋণ/প্রকল্প ঋণ বিশিষ্ট ১১৫টি রুগ্ন শিল্পের দায়-দেনা শর্ত সাপেক্ষে নিষ্পত্তিকরণের বিষয়ে সরকারি নির্দেশনা জারি।
৩১.	বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত টেক্সটাইল খাতের ৬৯টি রুগ্ন প্রতিষ্ঠানসমূহের ঋণ হিসাব অবসায়নের ক্ষেত্রে সরকার কর্তৃক প্রদেয় ৩% সুদ ভূর্তকী বাবদ ৩টি প্রতিষ্ঠানকে ২৮,৬১,৬৫৯.০০ টাকা প্রদান।
৩২.	বিজিএমইএ কর্তৃক চিহ্নিত ও বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত তৈরী পোষাক শিল্পের ২৭০টি রুগ্ন/বন্ধ প্রতিষ্ঠানসমূহের অন্তর্ভুক্ত ২টি প্রতিষ্ঠানের ঋণ হিসাব অবসায়নের ক্ষেত্রে সরকার কর্তৃক প্রদেয় ৩% সুদ ভূর্তকী বাবদ ৩৯,৯৯,২২২.০০ টাকা অবমুক্তকরণ।
৩৩.	পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তা তহবিল এর সর্বশেষ ৩০০ কোটি টাকা বাংলাদেশ ব্যাংকের অনুকূলে অবমুক্তকরণের সরকারী আদেশ জারী।
৩৪.	সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ বোর্ড অব ইন্ডিয়া এবং বিএসওসি'র মধ্যে Memorandum of Understanding স্বাক্ষরের জন্য অনুমোদন জ্ঞাপন।
৩৫.	সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন আইন ১৯৯৩ এর ইংরেজী অনুবাদ প্রকাশ।
৩৬.	বিনিয়োগকারীদের স্বার্থ তথা পুঁজিবাজারে দীর্ঘমেয়াদে স্থিতিশীলতা অব্যাহত রাখার নিমিত্ত পুঁজিবাজার, লেনদেনযোগ্য সিকিউরিটিজ ও সংশ্লিষ্ট আইন-কানুন সম্পর্কে বিনিয়োগকারীদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন।
৩৭.	বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের পদ সৃজন এবং টিওএন্ডই সংক্রান্ত সরকারী মঞ্জুরী জ্ঞাপন।

